Cast System in India - CC-11 : UNIT-4

01.10.20

Uttam Kr:

ভারতে বর্ণ প্রথার উৎপত্তি প্রাচীন ভারতে। মধ্যযুগ প্রাক্-আধুনিক যুগ অথবা আধুনিক যুগে বিশেষত মুঘল সাম্রাজ্য এবং ব্রিটিশ শাসনকালে বর্ণ ব্যবস্থা বিভিন্ন শাসক গোষ্ঠী দ্বারা রূপান্তরিত হয়েছিল। বর্ণ প্রথা দুটি ভিন্ন ধারণা, বর্ণ এবং জাতিকে নিয়ে গঠিত।

ভারতে বর্তমানে যে বর্ণ প্রথা বিদ্যমান তা হল ভারতে মুঘল যুগের ধ্বংস এবং ব্রিটিশ ঔপনিবেশিক যুগের উত্থানের ফল। মুঘল যুগের ধ্বংসের সময় বেশ কয়েকজন প্রতিপত্তিশালী ব্যক্তির আবির্ভাব ঘটে, যারা মুঘল শাসনের মধ্যেই অর্থাৎ রাজতন্ত্রের সাথেই যুক্ত ছিলেন। তাছাড়া অনেকেই ধর্মীয় ব্যক্তিদের মধ্যেই যুক্ত ছিলেন। ব্রিটিশ শাসকরা বর্ণভেদকে তাদের সুবিধার জন্য কাজে লাগানোর চেষ্টা করেছিল। 1860 থেকে 1920-এর মধ্যে ব্রিটিশরা বর্ণ দ্বারা ভারতীয়দের আলাদা করে দেয়। কেবলমাত্র খ্রীষ্টান ও নির্দিষ্ট বর্ণের লোকেদের প্রশাসনিক চাকরিতে নিয়োগ করা হত। এর ফলে সামাজিক অস্থিরতা শুরু হয়। ফলে 1920-এর পর থেকে নিম্নবর্ণের একটি নির্দিষ্ট অংশের সরকারি চাকরি সংরক্ষণ করে বিভিন্ন মূলক নীতি শুরু করে। 1948 সালে বর্ণের ভিত্তিতে নেতিবাচক বৈষম্য আইন দ্বারা নিষিদ্ধ করা হয়েছিল।

ভারত স্বাধীনতা অর্জনের পরে নতুন উন্নয়ন ঘটেছিল যখন তফসিলি জাতি এবং তফসিলি উপজাতির তালিকা সহ চাকরির বর্ণভিত্তিক সংরক্ষণের নীতি আনুষ্ঠানিকভাবে চালু হয়েছিল। 1950 সাল থেকে ভারতবর্ষ নিম্নবর্ণের জনসাধারণের আর্থ-সামাজিক অবস্থার সুরক্ষা এবং উন্নতিকল্পে অনেক আইন এবং সামাজিক উদ্যোগ কার্যকর করেছে।

Definitions and Concepts

Varna, Jati and Caste

Varna :- ইতিহাসগত দিক থেকে বর্ণ বলতে বোঝায় শ্রেণী, বৈদিক ভারতীয় সমাজে প্রথম মানুষদের নির্দিষ্ট শ্রেণীভুক্ত করার জন্য একটি কাঠামো তৈরী হয়, প্রাচীন ভারতীয় গ্রন্থ বা ঋগ্বেদে উল্লেখ আছে মানুষদের সমাজে সেই সময় মোট চারটি শ্রেণী ছিল। ব্রাহ্মণ (পুরোহিত), ক্ষত্রিয় (রাজার সহযোগী বা রাজকর্মচারী) এরা ছিলেন শাসক, প্রশাসক এবং যোদ্ধা। বৈশ্য (কারিগর, ব্যবসায়ী এবং কৃষক) এবং শুদ্র (শ্রমজীবী শ্রেণী)। বর্ণের শ্রেণী বদ্ধ করনের সমাজেই একটি অক্ষম উপাদান ছিল, কারন এর এ চার শ্রেণীর বাইরে, যেমন উপজাতি লোক এবং অনুন্নত শ্রেণী, এদেরকে সমাজে অস্পৃশ্য মনে করা হত।

Caste :- 'বর্ণ' কথাটি মূলত একটি ভারতীয় শব্দ নয়, যদিও বর্তমানে এটি ইংরেজী এবং ভারতীয় উভয় ভাষায় ব্যবহৃত হয়। 'Oxford English Dictionary' অনুসারে এটি পর্তুগীজ ~~শব্দ~~ 'Casta' থেকে উদ্ভূত, যার অর্থ 'জাতি, বংশ, রক্ত'। ভারতীয় ভাষাগুলিতে কোন সঠিক অনুবাদ নেই, তবে বর্ণ এবং জাতি-দুইটি সমার্থক ব্যবহৃত হয়। জাতির কোন নির্দিষ্ট সংজ্ঞা নির্ণয় করা সহজ নয়। তবে জাতির কতকগুলি বৈশিষ্ট্য উল্লেখ করা যেতে পারে।

জন্মের ভিত্তিতে বিভক্ত করা। উচ্চ বর্ণের অর্থাৎ ব্রাহ্মণদের সবচেয়ে উচ্চ বর্ণ হিসাবে, তার পর অন্য বর্ণগুলিকে ক্রমানুসার স্থান করা, তবে এর বিরুদ্ধে অনেক সমালোচনা হতে পারে। পেশাগতভাবে জাতির বিভাজন হতে পারে। ভারতের অনেক রাজ্যেও বহু রূপে বিভাজন সর্বজন স্বীকৃত হয়েছে, সাধারনত উচ্চ বর্ণের মানুষ গ্রামের কেন্দ্রে বাস করত, বাসস্থান বা খাদ্যগ্রহণের ক্ষেত্রে বা পানীয় জলের ক্ষেত্রে উচ্চবর্ণ ও নিম্নবর্ণের মধ্যে ভিন্নতা ছিল, প্রত্যেক বর্ণের লোকেরা একই ধরনের পেশাগ্রহণ ~~[illegible]~~ করতেন, যেমন ব্রাহ্মণ পরিবারের অধিকাংশ পৌরোহিত্যের পেশায় নিযুক্ত থাকতেন, উচ্চবর্ণ কখনও নিম্নবর্ণের পেশায় আগ্রহী হতেন না, তবে সবরকম বর্ণ থেকেই কিছু বড় সংখ্যায় যোদ্ধা নিযুক্ত হতেন।

বর্ণের বাইরে কোন ব্যক্তির সাথে বিবাহবন্ধনে নিষেধাজ্ঞা থাকলেও কিছু পরিস্থিতিতে এইরকম বিবাহ অনুমোদিত হত। কিছু অঞ্চলের

বিভিন্ন বর্ণের সদস্যদের তুলনায় বিভিন্ন উপজাতির মধ্যে অন্তঃবিবাহের ক্ষেত্রে খুব কম কঠোরতা দেখা গেছে, Caste সম্পর্কিত আলোচনায় [illegible] এবং অন্যান্যরা জটিলতার পুনরাবৃত্তি করেছেন যে তাত্ত্বিক গঠন এবং ব্যবহারিক বাস্তবের মধ্যে পার্থক্য রয়েছে,

Jati := জাতি এবং বর্ণ সম্পূর্ণভাবেই দুটি ভিন্ন ধারণা, বর্ণ হল চারটি, কিন্তু জাতির সংখ্যা অগুন্তি। বারবার বারবার জাতি মিলিত হয়ে একটি নতুন সামাজিক দল গঠন করে, জাতির কোন নির্দিষ্ট সংখ্যা হয় না। ভারতে পবিত্র ধর্মনিরপেক্ষ আদর্শ জাতিগুলির অবস্থানের সাথে কোন বাধা সৃষ্টি করে না, জাতির অবস্থানের পিছনে ধর্মীয় ছাড়াও অর্থনৈতিক ও রাজনৈতিক প্রভাব থাকে, অথবা কোন কোন সময় লৌকিক অবদানেরও প্রভাব থাকতে পারে বলে অনেক পণ্ডিত মনে করেন, যেগুলোর ভিত্তিতে জাতিকে চিহ্নিত করা যায় না। কারণ অনেক সময় একই জাতির লোক ভিন্ন ভিন্ন পেশায় নিযুক্ত থাকতে পারে। বিবাহের ক্ষেত্রে সাধারণত একই জাতির মধ্যে হলেও এখনও কোনও ভিন্ন দুটি জাতির মানুষ বিবাহবন্ধনে আবদ্ধ হতে পারে। পরিবর্তনের উদাহরণ প্রাচীন কাল থেকে দেখতে দেখা গেছে,

ভারত হল বহু জাতির দেশ। এখানে ধর্ম ভাষা বা সংস্কৃতিগত কারণে বহু জাতির অস্তিত্ব রয়েছে, ভারতে ভিন্ন ভিন্ন জাতি একই সঙ্গে তাদের নিজেদের জাতিগত বৈশিষ্ট্য বজায় রাখার সাথে সাথে বৈচিত্র্যের মধ্যে ঐক্যকে রক্ষা করে চলেছেন।

* পরীক্ষায় প্রশ্ন হতে পারে :-

1) বর্ণ-ব্যবস্থার পাঁচটি স্তর কি কি?
2) জাত বা Caste বলতে কি বোঝ?
3) হিন্দুদের মধ্যে কোন জাত সবচেয়ে শীর্ষে?
4) বর্ণ ব্যবস্থা কেন গুরুত্বপূর্ণ?
5) ভারতের প্রাচীনতম বর্ণ ও জাত কি?